সেনাসদর
জিএস শাখা
সামরিক গোয়েন্দা পরিদপ্তর
ঢাকা সেনানিবাস

তারালাপনীঃ ৮৮৭১২৩৪ বর্ধিত ২১৪০

২৩.০১.৯০১.০২৫.০২.০৬৮.৪০.১৩.০১.২৫ ১৩ জানুয়ারি ২০২৫

**সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার নীতিমালা পরিপন্থী তথ্যাদি ব্যক্তিগত অ্যাকাউন্ট হতে অপসারণ প্রসংগে**

বরাতঃ

ক। অফিসিয়াল সিক্রেট এ্যাক্ট ১৯২৩।

খ। এ আর (আই) ১৯৫, ১৯৬ এবং ১৯৭।

গ। সেনাসদর, জিএস শাখা, এমআই পরিদপ্তর পত্র নং ২৩.০১.৯০১.০২৫.০২.১১৬.৩২.২৭.০১.১৯/নীতিমালা তারিখ ২৭ জানুয়ারি ২০১৯।

ঘ। সেনাসদর, জিএস শাখা, এমআই পরিদপ্তর পত্র নং ২৩.০১.৯০১.০২৫.০২.২১৬.০১.২৯.০৭.২১ তারিখ ২৯ জুলাই ২০২১।

ঙ। সেনাসদর, জিএস শাখা, এমআই পরিদপ্তর পত্র নং ২৩.০১.৯০১.০২৫.০২.০৬৮.৩১.০৩.০৮.২৩ তারিখ ০৩ আগস্ট ২০২৩।

১। বরাত পত্রসমূহের মাধ্যমে বাংলাদেশ সেনাবাহিনীতে কর্মরত সামরিক/অসামরিক সকল সদস্য এবং তাদের পরিবারবর্গের জন্য সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহারের ক্ষেত্রে করণীয়/অকরণীয় সম্পর্কে সুস্পষ্ট নির্দেশনাসহ বিস্তারিত নীতিমালা প্রদান করা হয়েছে। তথাপি সেনাবাহিনীতে কর্মরত অফিসার, জেসিও এবং অন্যান্য পদবি ও তদ্বীয় পরিবারবর্গ কর্তৃক নিম্নোক্ত ব্যত্যয় পরিলক্ষিত হয়ঃ

ক। বিভিন্ন জাতীয় দিবস (স্বাধীনতা দিবস, সশস্ত্র বাহিনী দিবস ও বিজয় দিবস) এবং অন্যান্য অনুষ্ঠানের (ইউনিট প্রতিষ্ঠা বার্ষিকী, ডিনার নাইট, বিদায়ী পার্টি ইত্যাদি) ক্ষেত্রে ইউনিফর্ম, এসডি ও মেসকিট পরিহিত অবস্থায় একক ও যুগল ছবি প্রচারের অধিক প্রবণতা লক্ষ্য করা যায়।

খ। বিভিন্ন ব্যক্তিগত সামাজিক অনুষ্ঠান (বিবাহ, হলুদ সন্ধ্যা, রিসিপশন ইত্যাদি) এর ক্ষেত্রেও এসডি, মেসকিট পরিহিত অবস্থায় একক ও যুগল ছবি প্রচারের প্রবনতা লক্ষ্য করা যায়। এতদসংক্রান্ত ছবি বিভিন্ন Event Management এবং Photography Team এর সামাজিক যোগাযোগ মাধ্যমের সংস্থার Page এ ব্যাপকভাবে প্রচারিত হয়।

গ। সামরিক জীবনের বিভিন্ন প্রাপ্তি ও অর্জনে (পদোন্নতি, পদক, কোর্সের ফলাফল, কোর্স সমাপ্তি, বিশেষ করে ডিএসসিএসসি, এএফডব্লিউসি ও অন্যান্য) আয়োজিত সামরিক অনুষ্ঠানাদির সময় এসডি/মেসকিট/ইউনিফর্ম পরিহিত ছবি অফিসার/পরিবারবর্গ কর্তৃক সামাজিক যোগাযোগ মাধ্যমে শেয়ার করার প্রবনতা লক্ষ্য করা যায়।

ঘ। সেনাসদস্যদের স্ত্রীগণ বিভিন্ন মডেলিং, অনলাইন বিজ্ঞাপন বা অনলাইন ব্যবসার ব্র্যান্ড প্রমোটর হিসেবে কাজ করেন এবং এ সংক্রান্ত Reels, Short ইত্যাদির ভিডিও এবং ছবি সামাজিক যোগাযোগ মাধ্যমে শেয়ার করেন, যা সেনাপরিমন্ডলে অত্যন্ত দৃষ্টিকটু, অগ্রহণযোগ্য এবং সেনাবাহিনীর অর্জিত পারিবারিক ও সামাজিক মূল্যবোধের পরিপন্থি।

ঙ। সেনাসদস্যদের পরিবারবর্গ বিদেশ ভ্রমনকালীন দৃষ্টিকটু পোষাক পরিধান করে নৃত্য, ছবি এবং ভিডিও সামাজিক যোগাযোগ মাধ্যমে শেয়ার করেন, যা সকল মহলে অত্যন্ত নেতিবাচকভাবে আলোচনার সৃষ্টি করে।

চ। সেনাসদস্যগণ প্রায়শই সামাজিক যোগাযোগ মাধ্যমের প্রোফাইলে Work at BD Army, Work at UN Msn, Major at BD Army ইত্যাদি উল্লেখ করে নিজের পরিচয় প্রকাশের মাধ্যমে ব্যক্তি নিরাপত্তার জন্য হুমকি সৃষ্টি করেন।

ছ। বিভিন্ন সামাজিক অনুষ্ঠানে সেনাসদস্য এবং তাদের পরিবারবর্গ সেনাবাহিনীর গুরুত্বপূর্ণ ব্যক্তিবর্গ, স্থাপনা, যানবাহন, যুদ্ধাস্ত্রের ছবি ও ভিডিও ফেসবুক, ইন্সটাগ্রাম এবং টিকটক এ প্রচার করে থাকেন।

জ। সেনাসদস্য/পরিবারবর্গ কর্তৃক বিএমএ পাসিং আউট প্যারেড, সেনাবাহিনী প্রধান কুচকাওয়াজ প্যারেড, কালার প্যারেড, বিভিন্ন ট্রেনিং (প্যারা জ্যাম্প, র‍্যাপলিং, কনফিডেন্স জ্যাম্প, কমান্ডো ট্রেনিং, অস্ত্র প্রশিক্ষণ ও অন্যান্য প্রশিক্ষন কার্যক্রম) এর ভিডিও/ছবি ধারণ করে তা সামাজিক যোগাযোগ মাধ্যমে (টিকটক, ফেসবুক এবং ইন্সটাগ্রাম ইত্যাদি) প্রচার করে থাকেন।

২। **নীতিমালার অন্তর্ভুক্ত ব্যক্তিবর্গ**। সেনাবাহিনীতে কর্মরত সকল সামরিক, অসামরিক সদস্য, প্রেষণে নিয়োজিত সদস্য ও তাদের পরিবারবর্গ।

৩। সকল ফরমেশন কর্তৃক **সেনাবাহিনীতে কর্মরত সেনাসদস্য/অসামরিক ব্যক্তিবর্গ ও পরিবারবর্গের** বর্তমানে বিদ্যমান সামাজিক যোগাযোগ মাধ্যমের প্রোফাইল/অ্যাকাউন্টে উপরোল্লিখিত নীতিমালা বহির্ভূত কোন বিষয়বস্তু/ব্যত্যয় যেমনঃ আপলোডকৃত/ট্যাগকৃত/শেয়ারকৃত তথ্য ও ছবি, ব্যক্তিগত প্রোফাইলে প্রদানকৃত সেনা পরিচয়, পদবি, ইউনিট, পদোন্নতি, জাতীয় দিবস (স্বাধীনতা দিবস, সশস্ত্র বাহিনী দিবস ও বিজয় দিবস), সামাজিক অনুষ্ঠান (বিবাহ, হলুদ সন্ধ্যা, রিসিপশন ইত্যাদি), সামরিক জীবনের বিভিন্ন প্রাপ্তি ও অর্জন, এবং গ্রাজুয়েশন কর্মকান্ডের বৃত্তান্ত ইত্যাদি থাকলে তা **আগামী ১০ ফেব্রুয়ারি ২০২৫ তারিখের মধ্যে অপসারণ নিশ্চিত করতঃ সমাপনী প্রতিবেদন এই পরিদপ্তরে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।**

৪। উল্লেখ্য যে, সমাপনী প্রতিবেদন প্রাপ্তির পর হতে সামাজিক যোগাযোগ মাধ্যমে সামরিক পোষাক পরিহিত ছবি, সেনাবাহিনী সংশ্লিষ্ট তথ্য/চিঠি এবং বিভিন্ন সামরিক স্থাপনার ছবি/ভিডিও পরিলক্ষিত হলে অথবা সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহারের নীতিমালা পরিপন্থী যে কোন কার্যক্রমে সংশ্লিষ্টতা পরিলক্ষিত হলে তাদের বিরুদ্ধে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রয়োজনীয় প্রসাশনিক ব্যবস্থা গ্রহণের সুপারিশ করা হবে।

৫। সকল ফরমেশন কর্তৃক বরাত গ এর অনুচ্ছেদ ৮ অনুযায়ী নিয়মিত প্রতিবেদন এই পরিদপ্তরে প্রেরণ নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।

৬। বিষয়টি আপনাদের অবগতি ও পরবর্তী কার্যক্রমের জন্য প্রেরণ করা হলো।

**খ. ইমরান হাসান**
মেজর
সিজিএস এর পক্ষে

বিতরণঃ

বহির্গমনঃ

কার্যক্রমঃ

ISSB

(সেনাসদর এর তালিকা ক, ঙ, চ এবং ছ )